# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ২৪৬

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ২৫. নাবীয দ্বারা উযু করা

## بَابُ الْوُضُوءِ بِالنَّبِيذِ

আরবী

نَا عُثْمَانُ بْنُ أَحْمَدَ الدَّقَّاقُ ، نَا مُحَمَّدُ بْنُ عِيسَى بْنِ حَيَّانَ ، ثَنَا الْحَسَنُ بْنُ قُتَيْبَةَ ، نَا يُونُسُ بْنُ أَبِي إِسْحَاقَ ، عَنْ أَبِي إِسْحَاقَ ، عَنْ أَبِي عُبَيْدَةَ وَأَبِي الْأَحْوَصِ ، عَنِ ابْنِ مَسْعُودٍ ، قَالَ : مَرَّ بِي رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ ، فَقَالَ : " خُذْ مَعَكَ إِدَاوَةً مِنْ مَاءٍ " ، ثُمَّ انْطَلَقَ وَأَنَا مَعَهُ . فَذَكَرَ حَدِيثَهُ لَيْلَةَ الْجِنّ . فَلَمَّا أَفْرَغْتُ عَلَيْهِ مِنَ الْإِدَاوَةِ إِذَا هُوَ نَبِيذٌ ، فَقُلْتُ : يَا رَسُولَ اللَّهِ ، أَخْطَأْتُ بِالنَّبِيذِ ، فَقَالَ : " تَمْرَةٌ حُلْوَةٌ ، وَمَاءٌ عَذْبٌ " . تَفَرَّدَ بِهِ الْحَسَنُ بْنُ قُتَيْبَةَ ، عَنْ يُونُسَ ، عَنْ أَبِي إِسْحَاقَ . وَالْحَسَنُ بْنُ قُتَيْبَةَ ، وَمُحَمَّدُ بْنُ عِيسَى ضَعِيفَانِ

বাংলা

২৪৬(১৭). উমার ইবনে আহমাদ আদ-দাককাক (রহঃ) ... ইবনে মাসউদ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে অতিক্রম করে যাওয়ার সময় বলেনঃ তোমার সঙ্গে এক পাত্র পানি লও। তারপর চলে গেলেন এবং আমিও তার সাথে থাকলাম। অতঃপর তিনি জিনদের আগমনের রাতের ঘটনা সংশ্লিষ্ট তার হাদীস বর্ণনা করেন। আমি যখন তাঁর উযুর জন্য পাত্র থেকে পানি ঢাললাম তখন দেখলাম, তা নবীয়। আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ! আমি ভুল করে নবীয এনেছি। তিনি বলেনঃ খেজুরও মিষ্ট এবং তার পানিও মিষ্ট।

এই হাদীস কেবল আল-হাসান ইবনে কুতাইবা (রহঃ) ইউনুস থেকে, তিনি আবু ইসহাক (রহঃ) থেকে বর্ণনা করেন। আর আল-হাসান ইবনে কুতাইবা ও মুহাম্মাদ ইবনে ঈসা দুর্বল রাবী।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80035

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন